মেহেরপুরের আমদহ ইউনিয়নের ৮ ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের ৮ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেল পাঁচটার দিকে মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়ন বিএনপি’র আয়োজনে ইসলামপুর ব্রিজের পাশে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলন অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আলমগীর খান সাতুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ। সম্মেলন অনুষ্ঠানে এ সময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মশিউর রহমান, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লা, জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রহিম, লিটন মাস্টার, আব্দুল লতিফ, বখতিয়ার, ইলিয়াস হোসেন, সৌরভ সহ আমদহ ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সম্মেলন অনুষ্ঠান সঞ্চালনা করেন মেহেরপুর সদর উপজেলার সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপন। মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র নতুন কমিটির সভাপতি মনিরুজ্জামান মিন্টু, সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি হারুনুর রশিদ, সাধারণ সম্পাদক হামিদুল নির্বাচিত হন।

মেহেরপুরের সিংহাটিতে ওয়ার্ড

বিএনপি’র কমিটি গঠন

মেহেরপুর সদর উপজেলার বারাদি ইউনিয়নের ৭ নং ওয়ার্ড (পূর্ব সিংহাটি ও পুরাতন দরবেশপুর) বিএনপি’র ওয়ার্ড কমিটি গঠন করা হয়েছে।

আজ শুক্রবার বিকেলে সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ৫১ সদস্য বিশিষ্ট ওয়ার্ড বিএনপি’র কমিটি গঠন করা হয়। মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য হাফিজুর রহমান হাফি।

এ সময় উপস্থিত ছিলেন, বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার এসএসএফ (স্পেশাল সিকিউরিটি ফোর্স) অবসরপ্রাপ্ত সেনা সদস্য ক্যাপ্টেন গনিউল আজম। এসময় উপস্থিত নেতৃবৃন্দের সমর্থনে ওয়ার্ড কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক মনোনীত করা হয়। সভাপতি পদে জিনারুল ইসলাম, আবুল কাশেম, ফজলুর রহমান, সাধারণ সম্পাদক পদে জিহাদুল ইসলাম ও মিজানুর রহমান প্রতিদ্বন্দ্বিতা করেন।

এ সময় উপস্থিত নেতৃবৃন্দের হাত উত্তোলনের মাধ্যমে জিনারুল ইসলাম সভাপতি ও জিহাদুল ইসলাম সাধারণ সম্পাদক নির্বাচিত হয়। পরে সিনিয়র সহ-সভাপতি মাহবুব মল্লিক, যুগ্ম সাধারণ সম্পাদক বাদশা মিয়া ও আব্দুর রাজ্জাককে সাংগঠনিক সম্পাদক মনোনীত করা হয়। এ সময় ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন অংশ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। পরে নির্বাচিত প্রার্থীদেরকে ফুলের মালা পরিয়ে অভিনন্দন জানানো হয়।

ঝিনাইদহে বিএনপি কর্মীকে কুপিয়ে জখম করেছে প্রতিপক্ষরা

ঝিনাইদহে বিএনপি কর্মী রিপন মোল্লা (৪০)কে চার হাত-পাসহ শরীরের বিভিন্নস্থানে নৃশংসভাবে কুপিয়ে মারাত্বক জখম করেছে প্রতিপক্ষরা।

মঙ্গলবার রাতে সদর উপজেলা রাজাপুর গ্রামের এ ঘটনা ঘটে। ঘটনাস্থল থেকে পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে প্রথমে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে।

অবস্থার অবনতি হলে ঢাকা পঙ্গু হাসপাতালে রেফার্ড করা হয়েছে। এ ঘটনায় আহতের মা নুরজাহান বেগম বাদী হয়ে ৪ জনের নাম উল্লেখ করে অজ্ঞাত আরো ৭/৮ জনের নামে সদর থানায় একটি মামলা দায়ের করেছেন। আহত রিপন সদর উপজেলার রাজাপুর গ্রামের মৃত আব্দুর রাজ্জাক মোল্লার ছেলে।

আহতের স্ত্রী ইসমতারা জানান, গ্রামে বিএনপির গ্রুপ পরিবর্তন নিয়ে বিরোধের জের ধরে মঙ্গলবার রাত ১০টার দিকে আমার স্বামী রিপনকে বাড়ি থেকে ডেকে সদর উপজেলার রাজাপুর গ্রামের আবুল কাসেম বাদশার ছেলে হুমায়ন, মৃত রুস্তম বিশ্বাসের ছেলে আব্দুল করিম, মৃত শাহাজাহানের ছেলে মিঠুন ও বাড়িবাথান গ্রামের মতিয়ার রহমানের ছেলে হারুন ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করে ফেলে যায়। এ সময় তার শরীর ক্ষত-বিক্ষতসহ হাত-পা শরীর থেকে প্রায় বিছিন্ন হয়ে গেছে। তাকে মারাত্বক জখম অবস্থায় উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ও পরে ঢাকায় রেফার্ড করা হয়েছে।

এ ব্যাপারে জেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট এম এ মজিদ জানান, অপরাধ যেই করুন না কেন কাউকে ছাড় নেয়। যদি বিএনপির কেউ এঘটনার সাথে জড়িত থাকে তাহলে তার বিরুদ্ধে দল সাংগঠনিক ব্যবস্থা গ্রহন করবে।

এ তথ্য নিশ্চিত করে সদর থানার ওসি আব্দুল্লাহ আল-মামুন জানান, চারজনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরো ৭/৮জনের মামলা রেকর্ড করা হয়েছে। আশা করি খুব দ্রুত সময়ের মধ্যে আসামীদের পুলিশ ধরতে সক্ষম হবে।

মেহেরপুরের বারাদীতে ওয়ার্ড

বিএনপি’র কমিটি গঠন

মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউনিয়নের রাজনগর ১ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেল পাঁচটার দিকে রাজনগর দাখিল মাদ্রাসা প্রাঙ্গনে এ সম্মেলনের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য হাফিজুর রহমান হাফি।

জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় এছাড়াও এসময় জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লা, জেলা যুবদলের সহ-সভাপতি এস এ খান শিল্টু, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহ্বায়ক মাহফুজুর রহমান, রাকিবুল ইসলাম সজল, আকশেদ আলী, মাহাবুল হাসান মিলন জনিসহ বারাদী ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী উপস্থিত ছিলেন।

১ নং ওয়ার্ড বিএনপি’র কমিটিতে সভাপতি শাহাবুল ইসলাম, সাধারণ সম্পাদক শাহাবদ্দীন নির্বাচিত হন।

মেহেরপুরের পিরোজপুর ইউনিয়ন বিএনপি’র কর্মী সমাবেশ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় ঘোষিত প্রক্রিয়ায় দলের পূর্ণগঠন জাতীয় ও স্থায়ীয় পর্যায়ে সকল চ্যালেঞ্জ মোকাবেলায় দলকে সক্ষমতা অর্জনের প্রত্যয়ে পিরোজপুর ইউনিয়ন বিএনপি’র কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (৮ এপ্রিল) বিকেল পাঁচটার দিকে সদর উপজেলা পিরোজপুর ইউনিয়ন বিএনপি’র আয়োজনে পিরোজপুর মাধ্যমিক বিদ্যালয় কর্মী সমাবেশ আয়োজন করা হয়েছে।

জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান সাতুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদ।

এসময় আরো উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য হাফিজুর রহমান হাপি, ওমর ফারুক লিটন, মোছাঃ রোমানা আহম্মদ, মশিউর রহমান, জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন প্রমুখ।

এছাড়াও এসময় জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, সদস্য সচিব শহিদুল ইসলাম, জেলা যুবদলের সহ-সভাপতি এস এ খান শিল্ট, সদর উপজেলা বিএনপি’র সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপন, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, জেলা বিএনপির সাবেক মহিলা বিষয়ক সম্পাদিকা নাজমিন নাহার রিনা, মুজিবনগর উপজেলা যুবদলের দলের সদস্য সচিব আনোরুল ইসলাম, মোশিউল আলম দিপু আব্দুল লতিফ, ইলিয়াস হোসেন, মাহাবুল হাসান মিলন, যুবদল নেতা মিন্টু, সৌরভ জনিসহ ফিরোজপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনী পৌর বিএনপির ৩ নম্বর ওয়ার্ডে কমিটি গঠন

সাবেক কাউন্সিলর আসাদুজ্জামান আসাদকে সভাপতি এবং মিঠুন আহমেদকে সাধারণ সম্পাদক করে গাংনী পৌর বিএনপির ৩ নম্বর ওয়ার্ডে ১০ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন সিনিয়র সহ-সভাপতি মোস্তফা কামাল, সহ-সভাপতি শরিফুদ্দিন, মহিবুল ইসলাম, জাহিদুল ইসলাম (বিডিআর), যুগ্ম সাধারণ সম্পাদক মো. রতন বাদশা ও শরিফুল ইসলাম; সাংগঠনিক সম্পাদক মো. আরিফ হোসেন এবং সহ-সাংগঠনিক সম্পাদক মো. আব্দুল লতিফ।

গতকাল বিকেলে গাংনী উপজেলা বিএনপি কার্যালয়ে এ কমিটির নাম ঘোষণা করেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ।

এ সময় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়র ইনসারুল হক ইনসু, সদস্য মকবুল হোসেন মেঘলা এবং গাংনী পৌর বিএনপির পুনর্গঠন কমিটির সদস্য আখেরুজ্জামান।

অনুষ্ঠানে ফয়েজ মোহাম্মদ বলেন, “বিএনপির ভবিষ্যৎ নেতৃত্বের জন্য প্রত্যেক নেতাকর্মীকে জনগণের আস্থা অর্জন করতে হবে। সকল ভেদাভেদ ভুলে জনগণের কল্যাণে নিজেদের প্রস্তুত করতে হবে।”

মেহেরপুরে পৌরসভা ৪নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার রাত আটটার দিকে মেহেরপুরের কালাচাঁদপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলন অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আনছার উল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ। এই সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ইলিয়াস হোসেন, রোমানা আহমেদ।

এছাড়াও জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল রহমান লাভলু, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লা, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহ্বায়ক মুস্তাফিজুর রহমান সজীব, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম সজল, সদর উপজেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান

রোলেক্স, বুড়িপোতা ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি নাসির উদ্দিন, অ্যাডভোকেট আসাদুল আজম খোকন, আব্দুর রহিম, পৌরসভায় ১ নং ওয়ার্ড সাবেক কাউন্সিলর মীর জাহাঙ্গীর, মোশিউল আলম দ্বীপু, আব্দুল লতিফ জনি, সৌরভ, রিপন সহ পৌরসভা ৪নং ওয়ার্ডের বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠানের সঞ্চালনা করেন জেলা বিএনপি’র সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন।

ঝিনাইদহে বিএনপির উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

ঝিনাইদহ সদরে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দিকনির্দেশনা অনুযায়ী পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ড্যাবের কেন্দ্রীয় নেতা ডা. ইব্রাহিম রহমান বাবুর পক্ষ থেকে তিন শতাধিক দুস্থ অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

গতকাল শনিবার(২৯ মার্চ) বিকেলে উপজেলার পোড়াহাটি ইউনিয়ন পরিষদ চত্ত্বরে এ সকল খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

খাদ্য সামগ্রীর মধ্যে ছিল সেমাই, চিনি, গুড়াদুধ, চাল, পেয়াজ ও আলু । এ সময় উপস্থিত ছিলেন বিএনপি নেতা আব্দুর রশিদ মল্লিক, উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক মো. সাকিব হোসেন, ইউনিয়ন কৃষকদলের সভাপতি আবেদ আলী মণ্ডল প্রমুখ।

মেহেরপুরে বিএনপি নেতা ফজলুর রহমানের উদ্যোগে ঈদ উপহার বিতরণ

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ব্যবসায়ী ও বিএনপি নেতা ফজলুর রহমানের উদ্যোগে ২ শত অসহায় মানুষদের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

শনিবার (২৮ মার্চ) সকাল দশটার দিকে সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের নীল মনি পাড়ায় এ ঈদ উপহার বিতরণ করা হয়।

ব্যবসায়ী ও বিএনপি নেতা ফজলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, সদস্য আলমগীর খান সাতু ও আনসারুল হক।

এছাড়াও এসময় জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দীন মনা, শামসুর রহমান সুইট, সৌরভ আসিফ ইমন, আমিজুর রহমান, মিলন হোসেন, আরিফুজ্জামান, শাহিরুল ইসলাম, মোয়াজ্জেম, নাঈমসহ স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

১৭ বছর জেল-জুলুম সহ্য করেছি বিএনপিকে বাঁচানোর জন্য – আমজাদ হোসেন

গাংনীতে বিএনপির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেলে উপজেলার হিন্দা মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে এ ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

হিন্দা গ্রাম বিএনপির সাবেক সভাপতি মোঃ শাজাহান আলীর সভাপতিত্বে অনুষ্ঠানের পূর্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য মোঃ আমজাদ হোসেন।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

প্রধান অতিথির বক্তব্যে আমজাদ হোসেন বলেন, “বিএনপির নেতাকর্মীরা গত ১৭ বছর ধরে আওয়ামী লীগের জুলুম ও নির্যাতনের শিকার হয়েছে। অথচ এখন বিএনপির কমিটি গঠনের সময় নিজেদের মধ্যে দ্বন্দ্ব দেখা দিচ্ছে, পিঠে চেয়ার ভাঙছে। আমরা তাহলে কোথায় যাব? যারা এতোদিন জুলুম নির্যাতন সহ্য করে বিএনপির জন্য লড়াই করেছে, তাদের ভবিষ্যৎ কী?”

তিনি আরও বলেন, “জেলাতে আমাকে, মাসুদ অরুন এবং বাবলুকে বাদ দিয়ে কমিটি গঠন করা যাবে না। আমরা মামলা-মোকদ্দমা লড়েছি, নিজের টাকা খরচ করেছি, বিএনপিকে টিকিয়ে রাখার জন্য জীবন দিয়েছি। অথচ এখন দেখছি, বিভিন্ন জায়গায় কমিটি গঠনে বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে। যেখানেই কমিটি গঠিত হচ্ছে, সেখানেই মারামারি হচ্ছে, পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ ও সেনাবাহিনী হস্তক্ষেপ করছে।”

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন রাইপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি নাছির উদ্দীন, জেলা কৃষক দলের সদস্য সচিব মোঃ মিজানুর রহমান, উপজেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বুলবুল, সাহারবাটি ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান আসমাতারা খাতুন, পৌর বিএনপির যুগ্ম সম্পাদক খাইরুল আলম কালাম, পৌর বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ইয়ামিন হোসেন

বাবলু, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক আহসানুল হক সুমন, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক সুজন মাহমুদ, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হোসেন, রাইপুর ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, গাংনী বিএনপির ২ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, যুবদল নেতা সাহিবুল ইসলামসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা।